Regular School Attendance

# নিয়মিত স্কুলে উপস্থিতি

## পিতামাতা এবং সেবাপ্রদানকারীদের জন্য তথ্য







### আপনি কি জানেন? ছাত্র/ছাত্রীরা যদি স্কুল টার্মের আট দিন স্কুল বাদ দেয়, প্রাথমিক স্কুল শেষ হওয়ার পর তাদের এক বছরের শিক্ষা বাদ যাবে।

### কেন আমি অবশ্যই আমার শিশুকে স্কুলে পাঠাবো?

নিউ সাউথ ওয়েলস্ - এ শিক্ষা বাধ্যতামূলক। এর অর্থ হলো ছয় বছর থেকে শুরু করে স্কুল ত্যাগের সর্বনিম্ন বছর বয়সী সকল শিশুদের স্কুলে অংশগ্রহণ আইনগতভাবে প্রয়োজন।

২০১০ হতে NSW এর সকল ছাত্রছাত্রীদের অবশ্যই Year 10 সম্পূর্ণ করতে হবে। Year 10-এর পরে এবং ১৭ বছর বয়স পর্যন্ত ছাত্রছাত্রীরা অবশ্যই:

১. স্কুলে থাকবে, অথবা বাড়ী ভিত্তিক স্কুলের জন্য নিবন্ধ করবে, অথবা

২. স্বীকৃতীমূলক শিক্ষা গ্রহন করবে অথবা প্রশিক্ষণে অংশ নিবে (উদাহরণস্বরুপ TAFE, প্রশিক্ষণ, শিক্ষানবিশি) অথবা

৩. পূর্ণকালীন, বেতনভূক্ত চাকরি করবে (গড়পড়তা সপ্তাহে ২৫ ঘন্টা) অথবা কাজ, শিক্ষা এবং/অথবা প্রশিক্ষণের সম্মিলিত কিছুতে অংশ নিবে।

ছাত্র/ছাত্রীর উপস্থিতির সঠিক রেকর্ড রাখার জন্য অধ্যক্ষ আইনগতভাবে দায়ী।

অনুপস্থিতির কারণ যুক্তিসঙ্গত কিনা তার সিদ্ধান্তের জন্যও অধ্যক্ষ দায়ী।

এই কারণের জন্য, অসুস্থতার জন্য পিতামাতা কর্তৃক দীর্ঘ বা নিয়মিত অনুপস্থিতির ব্যাখ্যার জন্য অধ্যক্ষ মেডিকেল সনদপত্র বা অন্যান্য নথিপত্র চাইতে পারেন।

যদি অধ্যক্ষ মনে করেন ব্যাখ্যা সন্তোষজনক নয়, তারা অনুপস্থিতি অযৌক্তিক হিসাবে রেকর্ড করে রাখবে।

এটি বুঝা গুরুত্বপূর্ণ যে বাধ্যতামূলক স্কুল বয়সের মধ্যে শিশুরা যদি বারবার স্কুল হতে অযৌক্তিকভাবে অনুপস্থিত থাকে, তাহলে New South Wales Department of Education and Training পিতামাতাদের বিরূদ্ধে (সেবাপ্রদানকারীগন সহ) মামলা রুজু করতে পারে।

### আমি কি অবশ্যই আমার শিশুকে প্রতিদিন পাঠাবো?

**হ্যাঁ**। এটি ভর্তির একটি শর্ত যে আপনি আপনার শিশুকে প্রতিদিন স্কুলে পাঠাবেন।

অল্প কিছু অনুপস্থিতি যৌক্তিক হতে পারে যদি আপনার শিশুর:

- বিশেষ ধর্মীয় অনুষ্ঠানে যেতে হয়
- একটি গুরুতর এবং/অথবা জরুরী পারিবারিক অনুষ্ঠানে উপস্থিত হওয়া প্রয়োজন (যেমন অন্ত্যেষ্টিক্রিয়া)
- খুবই অসুস্থ অথবা সংক্রামক ব্যাধির কারনে স্কুলে যাওয়া সম্ভব নয়।

মাথায় উকুনের উপদ্রব একটি সাধারণ ঘটনা, বিশেষকরে প্রাথমিক স্কুলে। পিতামাতাদের উচিত মাথার উকুনের জন্য তাদের সন্তানদের চুল নিয়মিত পরীক্ষা করা এবং ডিম বা উকুন দেখা গেলে তার চিকিৎসা করানো।

মাথায় উকুন এবং এর চিকিৎসা কিভাবে করা যায় তার সম্পর্কে অনুবাদিত তথ্য এই ওয়েব সাইটে পেতে পারেন

https://www.det.nsw.edu.au/languagesupport/documents/headlice/infosheet.htm

নিউ সাউথ ওয়েলস্ স্বাস্থ্য বিভাগ উলেখ করে যে মাথার উকুনের জন্য কোন ছাত্র/ছাত্রীকে বাড়ীতে পাঠানো যাবে না অথবা স্কুল থেকে বিরত রাখা যাবে না। মাথার উকুন, স্কুল থেকে দীর্ঘ সময় অনুপস্থিতির জন্য কোন যুক্তিসঙ্গত কারণ নয়।

### স্কুলে নিয়মিত উপস্থিতি কেন গুরুত্বপূর্ণ?

নিয়মিত স্কুলে উপস্থিতি আপনার শিশুকে পরবর্তী জীবনে সফল হতে সাহায্য করবে।

প্রতিদিন স্কুলে উপস্থিতি আপনার শিশুর জন্য শিক্ষাগ্রহন সহজ করে এবং অন্যান্য শিশুর সাথে আপনার শিশুর বন্ধুত্ব তৈরী ও রক্ষা করতে সাহায্য করে।

যদি আপনার শিশু স্কুলের প্রথম বছরগুলোতে সাধারণ দক্ষতাগুলো না শিখে, তাহলে পরবর্তী বছরগুলোতে তাদের শিক্ষা উন্নয়নে সমস্যা হতে পারে।

NEW SOUTH WALES DEPARTMENT OF EDUCATION AND TRAINING

## স্কুলে সময়মতো আসা কেন গুরুত্বপূর্ণ?

সময়মতো স্কুল এবং ক্লাসে আসা:

- শিশুরা যখন সবচেয়ে সতর্ক থাকে তখন আপনার শিশু যেন প্রথম দিনগুলোর গুরুত্বপূর্ণ শিক্ষা কার্যক্রম সূচী মিস না করে তা নিশ্চিত করে
- সময়ানুবর্তীতা এবং নিয়মানুবর্তীতার গুরুত্ব শিখতে আপনার শিশুকে সাহায্য করে
- ক্লাসের আগে এবং পরে আপনার শিশুকে তাদের বন্ধুদেরকে শুভেচ্ছা জানাতে সময় দেয়
- শ্রেণীকক্ষের বিশৃংখলার সুযোগ কমায়।

দেরী করে আসা দিনের অংশবিশেষ অনুপস্থিত হিসাবে রেকর্ড হয় এবং অন্যান্য অনুপস্থিতির মতই স্কুলকে অবশ্যই ব্যাখ্যা করতে হবে।

## স্কুল সময়ে আমাদের পরিবার যদি ছুটিতে যায় তাহলে আমার কি করা উচিত?

পিতামাতা এবং সেবাপ্রদানকারীদের পারিবারিক ছুটির জন্য তাদের শিশুদের স্কুল হতে প্রত্যাহার না করার জন্য উৎসাহিত করা হয়। পরিবারদের স্কুল বন্ধের সময় ছুটির আয়োজন করার চেষ্টা করা উচিত।

স্কুল চলাকালীন সময়ে যদি আপনার পারিবারিক ছুটি হয় তাহলে স্কুল অধ্যক্ষকে আগেই অবহিত করুন এবং স্কুল হতে ছুটি এবং/অথবা অব্যাহতির জন্য অনুরোধ করুন।

পরিস্থিতির উপর নির্ভর করে ছুটি কতো দীর্ঘ হবে, আপনার শিশু অনুপস্থিত থাকাকালীন যে সকল কাজ সম্পন্ন করা যাবে তার জন্য স্কুলকে বলতে পারেন।

## আমার শিশুকে কি দৈনন্দিন ব্যায়াম এবং খেলাধূলাসহ সকল কার্যক্রমে অবশ্যই অংশগ্রহন করতে হবে?

**হ্যাঁ**। খেলাধূলা এবং অন্যান্য শারীরিক কার্যক্রম আপনার শিশুকে সুস্থ রাখতে সাহায্য করে। শিশুদেরকে খেলাধূলাসহ স্কুলের নিয়মিত কার্যক্রমে অংশগ্রহন আশা করা যাচ্ছে।

## নিম্নলিখিত কারণে আপনার শিশুকে স্কুল থেকে দূরে রাখবেন না:

- জন্মদিন
- কেনাকাটা
- অন্যান্য শিশুর সাথে আড্ডা দেয়া
- নিয়মিত চেক আপ করা অথবা সেবা যেমন চুল কাটা
- ছোটখাট পারিবারিক অনুষ্ঠান
- ঘুমিয়ে থাকা।

আপনার শিশুর মেডিকেল এবং অন্যান্য সাক্ষাতসূচীর জন্য হয় স্কুলের আগে অথবা পরে অথবা স্কুল ছুটিকালীন সময়ে করা উচিত।

## যদি আমার শিশুর স্কুল থেকে দূরে থাকতে হয় তাহলে আমার কি করা উচিত?

যদি আপনার শিশুকে স্কুলে অনুপস্থিত থাকতে হয়, এটি স্কুলে জানানো এবং আপনার শিশুর

অনুপস্থিতির কারণ দেখানো গুরুত্বপূর্ণ। পিতামাতা এবং সেবাপ্রদানকারীগণ একটি অনুপস্থিতি ব্যাখ্যা করতে:

- স্কুলে নোট, ফ্যাক্স বা ই-মেইল পাঠাতে পারেন
- স্কুলে ফোন করতে, অথবা
- স্কুলে যেতে পারেন।

সকল অনুপস্থিতির কারণ অবশ্যই স্কুলে ব্যাখ্যা করতে হবে। দ্বিভাষিক অনুপস্থিতি নোট এবং উপস্থিতির উপর আরো তথ্য বিভাগের ওয়েব সাইটে School Attendance (স্কুলে উপস্থিতি) শিরোনামে পাওয়া যাবে

https://www.det.nsw.edu.au/languagesupport/documents/index_s.htm

পিতামাতা বা সেবাপ্রদানকারীদের তাদের শিশুদের স্কুল থেকে অনুপস্থিতির অনুরোধের উপর প্রশ্ন করার অধিকার স্কুল অধ্যক্ষের আছে।

শিশুর স্কুল থেকে অনুপস্থিতির জন্য দেয়া ব্যাখ্যা নিয়ে অধ্যক্ষ প্রশ্নও করতে পারেন।

## আমার শিশু স্কুলে যাবে না। আমার কি করা উচিত?

যত তাড়াতাড়ি সম্ভব সমস্যাটি আলোচনা করতে এবং সাহায্য চাওয়ার জন্য অধ্যক্ষের সাথে আপনার যোগাযোগ করা উচিত। অধ্যক্ষ বাড়ী ও স্কুল লিয়াজোঁ কর্মকর্তা অথবা আদিবাসী ছাত্র লিয়াজোঁ কর্মকর্তার কাছ থেকে সাহায্য চাইতে পারেন।

## কারা বাড়ী ও স্কুল লিয়াজোঁ কর্মকর্তা অথবা আদিবাসী ছাত্র লিয়াজোঁ কর্মকর্তা?

বাড়ী ও স্কুল লিয়াজোঁ কর্মকর্তা এবং আদিবাসী ছাত্র লিয়াজোঁ কর্মকর্তারা আপনার শিশুর উপস্থিতি নিয়ে সাহায্য করার ব্যাপারে বিশেষভাবে প্রশিক্ষনপ্রাপ্ত।

সকল ছাত্র/ছাত্রীর নিয়মিত স্কুলে আসতে উৎসাহিত করতে তারা স্কুল কর্তৃপক্ষের সাথে কাজ করে।

বাড়ী ও স্কুল লিয়াজোঁ কার্যক্রম সম্পর্কে আরো তথ্যের জন্য আপনার স্থানীয় শিক্ষা এবং প্রশিক্ষন আঞ্চলিক অফিস বিভাগের কার্যক্রম ম্যানেজারের সাথে যোগাযোগ করা উচিত। যোগাযোগ নাম্বার ওয়েব সাইট ঠিকানায় পাওয়া যেতে পারে:

www.det.nsw.edu.au/contactus/index.htm অথবা 131 536 টেলিফোন করে।

## আপনার শিশুর কি স্কুলে নিয়ে আসার ব্যাপারে কোন সমস্যা আছে, নিম্ন লিখিত কিছু কারণে?

- বিছানা থেকে উঠে না
- বিছানায় যায় না
- তাদের জামাকাপড়, বই, বাড়ীর কাজ, স্কুল ব্যাগ খুজেঁ পায় না..
- স্কুল লাঞ্চ তৈরী না
- সকালের নাস্তা ধীরে খাওয়া
- বাড়ীর কাজ তৈরী হয়নি
- অনেক রাত পর্যন্ত টেলিভিশন দেখা অথবা যখন তারা স্কুলের জন্য তৈরী হবে
- স্কুলে পরীক্ষা অথবা উপস্থাপনা
- জন্মদিন
- চিৎকার এবং আপনাকে যেতে না দেয়া

## এখানে কিছু পরামর্শ দেয়া হল যা নিয়মিত রুটিনের উপর ভিত্তি করে তৈরী করা হয়েছে:

- বিছানা থেকে উঠার জন্য সময় নির্দিষ্ট করে দেয়া
- বিছানায় যাওয়ার জন্য সময় নির্দিষ্ট করে দেয়া
- আগের রাতেই ইউনিফর্ম এবং স্কুল ব্যাগ তৈরী রাখা
- আগের রাতেই স্কুলের লাঞ্চ তৈরী করা
- সকালের নাস্তা খাওয়ার সময় শুরু/শেষ নির্দিষ্ট করে দেয়া
- প্রতিদিনের বাড়ীর কাজ তৈরীর জন্য সময় নির্দিষ্ট করে দেয়া
- নির্দিষ্ট সময়ের জন্য টেলিভিশন খুলুন এবং শুধুমাত্র যথাযথ সময়ে
- শক্ত হোন, শিশুরা অবশ্যই স্কুলে যাবে
- প্রচুর পরিমানে ইতিবাচক উৎসাহ দিন
- শক্ত হোন, জন্মদিন কোন ছুটি নয়
- স্কুলে আসার সময় এবং স্কুল ত্যাগ স্কুলের ঘন্টা বাজার সাথে সাথেই হওয়া উচিৎ। শিক্ষকের সাথে পূর্বে কোন সমঝোতা করে থাকলে, আপনার শিশুকে শিক্ষকের তত্ত্বাবধানে ছেড়ে দিয়ে আপনি স্কুল ত্যাগ করুন।

## আপনার কি একজন দোভাষীর প্রয়োজন?

যেখানে সম্ভব পিতামাতা এবং সেবাপ্রদানকারীগণ যারা ইংরেজী বলতে পারেন না বা বুঝতে পারেন না এবং বধির পিতামাতা এবং সেবাপ্রদানকরীগণ যারা ইশারার ভাষা ব্যবহার করেন, তাদের জন্য দোভাষী সেবাব্যবস্থা দেয়া হয়। দোভাষী সেবাব্যবস্থার উপর আরো তথ্যের জন্য আপনার স্কুলে যোগাযোগ করুন অথবা টেলিফোন দোভাষী সেবাব্যবস্থা ফোন করুন এবং তাদের স্কুলে যোগাযোগ করতে দিন। 131 450 নাম্বারে ফোন করুন। প্রয়োজনীয় ভাষার দোভাষীর জন্য বলুন এবং দোভাষী স্কুলে ফোন করবে এবং ফোন লাইনে থেকে আপনার আলোচনায় আপনাকে সহযোগীতা করবে। আপনাকে এই সেবাব্যবস্থার জন্য কোন ফি দিতে হবে না।

© March 2010
Student Welfare Directorate
NSW Department of Education & Training